অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/7/2023 **গভর্নর ক্যাথি হোকল**

কর মৌসুমে নিজেদের কর অ্যাকাউন্ট সংক্রান্ত তথ্য সুরক্ষিত রাখার পদক্ষেপ গ্রহণ করতে নিউ ইয়র্কবাসীর প্রতি গভর্নর হোকলের সনির্বন্ধ অনুরোধ

নিজেদের ব্যক্তিগত তথ্য অনলাইনে ফাঁস হয়ে যাওয়া প্রতিরোধ করতে নিজেদেরকে শিক্ষিত করে তুলতে নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করা হয়েছে

ডাটা ফাঁস হওয়ার বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধি করতে স্টেটের চিফ প্রাইভেসি অফিসার এবং চিফ সাইবার অফিসার স্টেট পর্যায়ের সংস্থাগুলোর সঙ্গে অংশীদার হয়ে কাজ করছেন

গভর্নর ক্যাথি হোকল আজ কর মৌসুমে নিজেদের সংবেদনশীল তথ্য অনলাইনে ফাঁস হয়ে যাওয়া থেকে নিজেদের সুরক্ষিত রাখার জন্য নিউ ইয়র্কবাসীরা কী কী পদক্ষেপ গ্রহণ করতে পারেন তা ঘোষণা করেছেন। কর মৌসুমের সময় নিজেদের ব্যক্তিগত তথ্য সুরক্ষিত রাখতে নিউ ইয়র্কবাসীদেরকে সাহায্য করার জন্য, ফিশিং স্কিমগুলো সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা, শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করা, এবং সোশ্যাল মিডিয়ায় তথ্য শেয়ার করার ক্ষেত্রে অধিকতর সতর্কতা অবলম্বন করা, ইত্যাদি পরামর্শ প্রচার করার জন্য স্টেটের তথ্য প্রযুক্তি পরিষেবা বিষয়ক দপ্তর (Office of Information Technology Services) অন্যান্য স্টেট সংস্থার সঙ্গে দলবদ্ধ হয়ে কাজ করছে।

"ক্রমশ ডিজিটাল রূপ নিতে থাকা এই বিশ্বে, প্রত্যেক নিউ ইয়র্কবাসীর উচিত অনলাইনের অপরাধীদের কাছ থেকে নিজেদের সংবেদনশীল ডাটা সুরক্ষিত রাখার জন্য প্রয়োজনীয় প্রাথমিক পদক্ষেপগুলো গ্রহণ করা," **বলেছেন গভর্নর হোকল**। "কর মৌসুমের সময়, আমরা এসব স্কিম সম্পর্কে আরো বেশি সচেতনতা তৈরি করছি এবং এসব দুষ্কৃতিকারীর টার্গেটে পরিণত হওয়া এড়াতে সব নিউ ইয়র্কবাসীর প্রতি নিজেদেরকে এবং নিজেদের ব্যক্তিগত তথ্যকে সুরক্ষিত রাখার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।"

অনলাইন ক্রিয়াকলাপের ফলে ডাটার অসংখ্য ট্রেইল তৈরি হয়। ওয়েবসাইট, অ্যাপ, ও পরিষেবাগুলো আচরণ, আগ্রহ, এবং ক্রয় সম্পর্কিত তথ্যের পাশাপাশি অন্যান্য সংবেদনশীল ডাটা যেমন সোশ্যাল সিকিউরিটি এবং ড্রাইভিং লাইসেন্সের নম্বর বা স্বাস্থ্য সংক্রান্ত তথ্য সংগ্রহ করে। নিউ ইয়র্কবাসীরা নিম্নোক্ত উপায়ে তাদের ব্যক্তিগত তথ্য গোপন ও নিরাপদ রাখতে পারেন, যা পরিচয় চুরি হওয়া বা জালিয়াতি প্রতিরোধ করবে:

- ই-ফাইল ব্যবহারের মাধ্যমে দ্রুত জমাদান এবং আপনার কর রিফান্ড সরাসরি ডিপোজিট করা। আপনার কর রিটার্ন যথাশীঘ্র সম্ভব জমাদান কোনো পরিচয় চোর কর্তৃক আপনার তথ্য চুরি করে তা ব্যবহার করে একটি জাল কর রিফান্ড দাবি করতে পারার সম্ভাবনা কমিয়ে আনবে। এছাড়াও ইলেক্ট্রনিক উপায়ে জমাদান অপেক্ষাকৃত নিরাপদ, দ্রুততর, এবং ডাকযোগে কাগজের মাধ্যমে রিটার্ন প্রেরণ করার চেয়ে অধিক ফলপ্রসূ।
  -উপযুক্ত করদাতারা বিনা খরচে অনলাইনে তাদের ফেডারেল এবং নিউ ইয়র্ক স্টেটের আয়কর রিটার্ন সম্পন্ন করতে ও জমা দিতে পারবেন। ফ্রি ফাইল সফটওয়্যার আপনাকে বাড়িতে বসে জমাদান করার সুযোগ দেয়, যা সংবেদনশীল ডাটা ঘরের বাইরে বহন করে নিয়ে যাওয়ার প্রয়োজন দূর করে।
  -ফ্রি ফাইলের বিভিন্ন অপশন পর্যালোচনা করে দেখতে কর বিভাগের (Tax Department) ওয়েবসাইটে ভিজিট করুন tax.ny.gov ঠিকানায়। কর বিভাগের হোম পেইজে আপনার আয়কর রিটার্ন বিনামূল্যে ফাইল করুন (Free File your income tax return) অপশনে ক্লিক করলেই হবে।
  -আপনার কর রিফান্ডের জন্য সরাসরি জমাদান বেছে নেওয়ার মাধ্যমে, আপনি একটি কাগজের চেক হিসেবে ডাকযোগে পাওয়ার তুলনায় আরো দুই সপ্তাহ আগে এটি পেয়ে যাবেন।
- আপনার রিটার্ন প্রস্তুত করার জন্য ব্যবহৃত ডাটা ও ডকুমেন্ট সুরক্ষিত রাখা। জমাদান প্রক্রিয়ার সময় এবং জমাদান শেষে সংবেদনশীল ব্যক্তিগত তথ্য ও ডকুমেন্ট নিরাপদে রাখুন এবং যখন আর প্রয়োজন থাকবে না তখন মুছে ফেলুন বা কেটে নষ্ট করে ফেলুন।
- ফিশিং স্কিম, যেমন ব্যক্তিগত তথ্য জানতে চাওয়া টেক্সট, অযাচিত ইমেইল ও টেলিফোনের কলের ব্যাপারে সতর্ক থাকা। কখনো একটি অযাচিত ইমেইল বা টেলিফোন কলের উত্তরে সোশ্যাল সিকিউরিটি নম্বরের মতো ব্যক্তিগত তথ্য প্রদান করবেন না। আপনি ব্যবহার করেন এমন একটি কোম্পানি থেকে যদি ইমেইল বা ফোনকলটি আসার দাবি করা হয় তাহলে প্রথমে তাদের ফোন করে নিশ্চিত হয়ে নিন এই যোগাযোগটি বৈধ কিনা। এছাড়াও স্ক্যামাররা আপনার ব্যক্তিগত তথ্য ও আর্থিক অবস্থা সংক্রান্ত তথ্য আপনাকে দিয়ে শেয়ার করানোর জন্য ভীতি প্রদর্শন ও হুমকি দেওয়ার কৌশল অবলম্বন করবে।
  -অপরিচিত প্রেরকের কাছ থেকে আসা ইমেইলে পাওয়া লিংকে ক্লিক করবেন না, ফাইল ডাউনলোড করবেন না অথবা অ্যাটাচমেন্ট খুলবেন না। প্রত্যাশিত হলে এবং কী জিনিস তা জানা থাকলেই শুধু অ্যাটাচমেন্ট খুলবেন।
- সোশ্যাল মিডিয়ায় তথ্য শেয়ার করার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা। জন্মতারিখ, টেলিফোন নম্বর, বাড়ির ঠিকানা বা চাকরি বা শখ সনাক্তকারী ছবি পোস্ট করা থেকে বিরত থাকুন। এই তথ্য প্রায়শই পাসওয়ার্ড রিসেট করার নিরাপত্তা প্রশ্নের উত্তর প্রকাশ করে দিতে পারে এবং অ্যাকাউন্ট ও ব্যক্তিগত তথ্যের অ্যাক্সেস সন্ধানী প্রতারকরা এগুলি ব্যবহার করতে পারে।
- শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করা। প্রতিটি অ্যাকাউন্টের জন্য ভিন্ন ভিন্ন জটিল পাসওয়ার্ড তৈরি করুন। একাধিক ছোট শব্দ দিয়ে গঠিত পাসফ্রেজ বিবেচনা করুন যা মনে রাখা সহজ কিন্তু কম্পিউটারের জন্য অনুমান করা কঠিন, যেমন

"কারেক্ট-হর্স-ব্যাটারি-স্টেপল!" একটি পাসওয়ার্ড ব্যবস্থাপক ব্যবহার করার চিন্তা করুন যা পাসওয়ার্ড তৈরি ও নিরাপদে সংরক্ষণ করতে সাহায্য করতে পারবে।

নিউ ইয়র্ক স্টেটের চিফ সাইবার অফিসার কোলিন অ্যাহার্ন বলেন, "নিউ ইয়র্ক গভর্নর হোকলের নির্দেশনার অধীনে গোপনীয়তা ও সাইবার নিরাপত্তা খাতে একটি নেতৃত্বের ভূমিকা গ্রহণ করছে। প্রদান করা সুপারিশগুলো নিউ ইয়র্কবাসীদেরকে নিজেদের ব্যক্তিগত ডাটা সুরক্ষিত রাখতে সাহায্য করতে পারে, বিশেষ করে কর মৌসুম চলাকালীন সময়ে।"

নিউ ইয়র্ক স্টেটের ট্যাক্সেশন এন্ড ফিন্যান্স সংক্রান্ত ভারপ্রাপ্ত কমিশনার আমান্ডা হিলার বলেন, "কর মৌসুম সাইবার অপরাধীদের জন্য একটি ব্যস্ত সময় যারা সবসময় আপনার ব্যক্তিগত তথ্য অ্যাক্সেস করা ও চুরি করার উপায় অনুসন্ধান করে চলেছে। তাদের জন্য এই কাজটি সহজ করে দিবেন না। এসব সাধারণ পরামর্শ অনুসরণ করার মাধ্যমে সংবেদনশীল তথ্য সুরক্ষিত রাখার ব্যাপারে সতর্ক থাকুন।"

নিউ ইয়র্ক স্টেটের তথ্য প্রযুক্তি পরিষেবা বিষয়ক দপ্তরের চিফ ইনফরমেশন অফিসার অ্যাঞ্জেলো "টনি" রিডিক বলেন, "গভর্নর ক্যাথি হোকলের নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট ব্যক্তিগত তথ্য সুরক্ষিত রাখা, ঝুঁকি কমিয়ে আনা, এবং করদাতাদেরকে সাইবার অপরাধীদের হাত থেকে নিজেদেরকে সুরক্ষিত রাখার জন্য তাদের প্রয়োজনীয় সরঞ্জামগুলো প্রদান করার মাধ্যমে অনলাইন নিরাপত্তা বৃদ্ধি করার জন্য গুরুত্বপূর্ণ পদক্ষেপসমূহ গ্রহণ করছে। আপনার সংবেদনশীল তথ্য সুরক্ষিত রাখতে এবং যেকোনো সম্ভাব্য কর সংক্রান্ত স্ক্যামের বিরুদ্ধে সতর্ক থাকতে এই সহজ পরামর্শগুলো কাজে লাগান।"

নিউ ইয়র্ক স্টেটের তথ্য প্রযুক্তি পরিষেবা বিষয়ক দপ্তরের চিফ প্রাইভেসি অফিসার মিশেল জোন্স বলেন, "কর মৌসুম ব্যক্তি ও পরিবারগুলোর জন্য অধিকতর ঝুঁকি নিয়ে আসে কারণ সাইবার অপরাধীরা প্রতারণার উদ্দেশ্যে অনলাইনের তথ্যগুলো কাজে লাগানোর সুযোগ খুঁজতে থাকে। কর মৌসুমের সময়, আমি সব নিউ ইয়র্কবাসীকে নিজেদের ব্যক্তিগত অনলাইন নিরাপত্তার ব্যাপারে সতর্ক থাকতে এবং আমাদের সেরা রীতি ও পরামর্শগুলো অনুসরণ করা চালিয়ে যেতে উৎসাহিত করছি।"

নিউ ইয়র্ক স্টেটের সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন, "নিউ ইয়র্কবাসীদেরকে অবশ্যই নিজেদের ব্যক্তিগত তথ্য সুরক্ষিত রাখার ক্ষেত্রে সতর্ক থাকতে হবে, কিন্তু কর মৌসুমে একটি অনন্য ঝুঁকি তৈরি হয় কারণ স্ক্যামাররা কর রিফান্ড হাতিয়ে নেওয়ার জন্য গোপন তথ্য চুরি করার জন্য তৎপর হয়ে উঠে। আগে আগে কর রিটার্ন জমা দেওয়া শুধু আগে আগে রিফান্ড পাওয়াই নিশ্চিত করে না, বরং আপনার কর রিটার্ন, এবং আপনার পরিচয় চুরি হওয়ার সম্ভাবনাও কমায়। এসব পরামর্শ অনুসরণ করার মাধ্যমে সতর্ক থাকুন এবং স্বতস্ফূর্ত ভূমিকা পালন করুন, এটি আপনার নিজেকে এবং আপনার কর রিফান্ডের ডলারগুলো সুরক্ষিত রাখার সেরা উপায়।"

এ বিষয়ে রিপোর্ট করুন

যদি আপনি কর সম্পর্কিত পরিচয় চুরি হওয়ার ঘটনায় ভুক্তভোগী হন অথবা ভুক্তভোগী হয়েছেন বলে মনে করেন, তাহলে তাৎক্ষণিকভাবে আমাদেরকে সতর্ক করুন। আমরা আপনার তথ্য ট্র্যাক করে তা গোপন ও সুরক্ষিত রাখতে সাহায্য করবো। কর বিভাগের জালিয়াতি, স্ক্যাম, ও পরিচয় চুরি সম্পর্কে রিপোর্ট করার ওয়েবপেইজে ভিজিট করুন।

আরো তথ্য এবং শিক্ষাগত সংস্থানসমূহ ITS এবং NYS চিফ ইনফরমেশন সিকিউরিটি অফিসের (Chief Information Security Office) নিউজলেটার থেকে অ্যাক্সেস করতে পারবেন।

এছাড়াও করদাতাদের নিয়ে স্ক্যাম সংক্রান্ত আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে ভোক্তা সুরক্ষা বিভাগের (Division of Consumer Protection) করদাতাদের নিয়ে স্ক্যাম নামক ওয়েবপেইজে ভিজিট করুন। পরিচয় চুরি প্রতিরোধ ও প্রশমন বিষয়ক আরো সংস্থানের জন্য, 800-697-1220 নম্বরে ভোক্তা হেল্পলাইনে ফোন করুন অথবা বিভাগটির পরিচয় চুরি প্রতিরোধ ও প্রশমন কর্মসূচি ওয়েবপেইজে ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418